# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৮৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই ধারণায় নিপতিত করে যে, ফর্সা করে ফজরের সালাত আদায় করা অন্ধকারে আদায় করার চেয়ে উত্তম

## ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّ الْإِسْفَارَ بِصَلَاةِ الصُّبْحِ أَفْضَلُ مِنَ التغليس فيه

---

আরবী

1489 ـ أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ الْعَدَنِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ مُحَمَّدِ بْنِ عَجْلَانَ عَنْ عَاصِمِ بْنِ عُمَرَ بْنِ قَتَادَةَ عَنْ مَحْمُودِ بْنِ لَبِيدٍ عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ:
(أَسْفِرُوا بِصَلَاةِ الصُّبْحِ فَإِنَّهُ أَعْظَمُ لِلْأَجْرِ) أَوْ قَالَ: (أعظم لأجوركم)
الراوي : رَافِعِ بْنِ خَدِيجٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1489 | خلاصة حكم المحدث :حسن صحيح ـ ((الإرواء)) (258) , ((صحيح أبي داود)) (451).
قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَرَادَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقَوْلِهِ: (أَسْفِرُوا) فِي اللَّيَالِي الْمُقْمِرَةِ الَّتِي لَا يَتَبَيَّنُ فِيهَا وُضُوحُ طُلُوعِ الْفَجْرِ لِئَلَّا يُؤَدِّي الْمَرْءُ صَلَاةَ الصُّبْحِ إِلَّا بَعْدَ التيقُّن بِالْإِسْفَارِ بِطُلُوعِ الْفَجْرِ فَإِنَّ الصَّلَاةَ إِذَا أُدِّيت كَمَا وَصَفْنَا كَانَ أَعْظَمَ لِلْأَجْرِ مِنْ أَنْ تُصَلَّى عَلَى غَيْرِ يَقِينٍ مِنْ طُلُوعِ الْفَجْرِ.

বাংলা

১৪৮৯. রাফে‘ বিন খাদীজ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমরা ফর্সা করে ফজরের সালাত আদায় করবে, কেননা এতে অধিক সাওয়াব রয়েছে, অথবা (রাবীর সন্দেহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) এতে তোমাদের জন্য অধিক সাওয়াব হবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “হাদীসের ভাষ্য “তোমরা ফর্সা করে ফজরের সালাত আদায় করবে” এর দ্বারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উদ্দেশ্য হলো চাদনী রাতের ফজরের সালাত, যাতে সুবহে সাদিক উদিত হওয়ার ব্যাপারটি স্পষ্টভাবে বুঝা যায় না। যাতে মানুষ ফর্সা হওয়ার দ্বারা নিশ্চিতভাবে সুবহে সাদিক উদিত হওয়ার ব্যাপারটি নিশ্চিত হওয়ার পর ফজরের সালাত আদায় করে। আর এভাবে ফজরের সালাত আদায় করা অনিশ্চিত সময়ে আদায় করার চেয়ে উত্তম হবে।”

## ফুটনোট

[1] নাসাঈ: ১/২৭২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩২১; মুসনাদ আহমাদ: ৪/১৪২; তাবারানী: ৪২৮৫; তাহাবী: ১/১৭৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৪৫১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90804

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন